78

দৈনিক ইনকিলাব

তারিখ AUG. 5 1999
পৃষ্ঠা ১ কলাম ২

## ভিসি'র কার্যালয় ঘেরাও

# ছাত্রছাত্রী বহনকারী বাস বন্ধের প্রতিবাদে চট্টগ্রাম ভার্সিটিতে ক্লাস বর্জন

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** আন্তঃ ক্যাম্পাস ছাত্রছাত্রী বহনকারী বাসসমূহ বন্ধের জের ধরে প্রতিবাদ বিক্ষোভে উত্তাল হয়ে উঠেছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়। হাজার হাজার ছাত্রছাত্রী গতকাল (বুধবার) স্বতঃস্ফূর্তভাবে ক্লাস বর্জন করে ভাইস চ্যান্সেলরের কার্যালয় ঘেরাও করেছে। ভিসি অফিস প্রায় ২ ঘণ্টা অবরুদ্ধ ছিল। আজ (বৃহস্পতিবার) ক্যাম্পাসে সর্বাত্মক ছাত্র ধর্মঘট আহবান করা হয়েছে। এ সময় শিক্ষক বহনকারী বাসও চলাচল করতে পারবে না বলে সতর্কবাণী উচ্চারণ করা হয়। এর মধ্যে বাস চালু করা না হলে শনিবার থেকে লাগাতার কর্মসূচীর মাধ্যমে বিশ্ববিদ্যালয় অচল করে দেয়া হবে বলে ছাত্র সংগঠনগুলোর পক্ষ থেকে ঘোষণা করা হয়। ১১-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## চট্টগ্রাম ভার্সিটি

প্রথম পৃষ্ঠার পর

পাহাড় পরিবেষ্টিত বিশাল ক্যাম্পাসে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল ও একাডেমিক ভবনসমূহ এক একটি বিরাট দূরত্বে অবস্থিত শাটল ট্রেনে ভার্সিটি রেলষ্টেশনে পৌছে এবং হলে অবস্থানরত ছাত্রছাত্রীদের প্রতিদিন কয়েক মাইল পথ অতিক্রম করে ক্লাসে যেতে হয়। এজন্য যানবাহন ছাড়া কোন গতি নেই। ছাত্রছাত্রীদের জন্য নির্ধারিত বাস বন্ধ করে দেয়ায় ১৬ হাজার শিক্ষার্থীর দুর্ভোগ চরম আকার ধারণ করেছে। এর প্রভাব পড়তে শুরু করেছে শিক্ষার ওপর। গত ১ আগস্ট ভার্সিটি খুললেও উল্লেখযোগ্য সংখ্যক ছাত্রছাত্রী ক্লাসে যোগ দেয়নি। পূর্ব ঘোষণা অনুযায়ী গতকাল ছাত্রছাত্রীরা স্বতঃস্ফূর্তভাবে ক্লাস বর্জন করে। হাজার হাজার ছাত্রছাত্রী ভিসির কার্যালয় ঘেরাও করে। বেলা ১১টা থেকে বেলা প্রায় ১টা পর্যন্ত ২ ঘণ্টা ঘেরাও কর্মসূচী পালিত হয়। সেখানে ছাত্রলীগ সভাপতি শাহজাহান চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত বিক্ষোভ সমাবেশে মোঃ কলিম, নুরুচ্ছাপা জুলহাস, রাহাত উল্লাহ জাহিদসহ ছাত্রলীগ, ছাত্র ইউনিয়ন ও ছাত্রফ্রন্ট নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। নেতৃবৃন্দ আজ বৃহস্পতিবার ধর্মঘট পালনের আহবান জানান। এ সময় ক্যাম্পাসে শিক্ষক বহনকারী-বাসসহ যেকোন যানবাহন চলতে পারবে না বলে তারা উল্লেখ করেন। সমাবেশ শেষে বাস চালুসহ ৩ দফা দাবী সম্বলিত স্মারকলিপি প্রদানের মাধ্যমে ঘেরাও কর্মসূচী প্রত্যাহার করা হয়। এদিকে ছাত্রদলের সম্মেলন প্রস্তুতি কমিটির আহবায়ক মোঃ সেলিমের সভাপতিত্বে অনুষ্ঠিত এক বিক্ষোভ সমাবেশে নেতৃবৃন্দ বলেন, ভার্সিটি কর্তৃপক্ষ পরিবহন বাবদ ছাত্রছাত্রীদের কাছ থেকে মাথাপিছু বার্ষিক ৩৬০ টাকা হারে আদায় করছেন। তারপরও বাস বন্ধ করে দেয়ার অমানবিক সিদ্ধান্ত গ্রহণ রহস্যজনক। অবিলম্বে বাস চালু না হলে ছাত্রছাত্রীরা আন্দোলনের মাধ্যমে দাবী আদায় করবে। এ উপলক্ষে ছাত্রদলের এক জরুরী সভা আজ চাকসু ভবনে অনুষ্ঠিত হবে। ইসলামী ছাত্রশিবিরের সাধারণ সম্পাদক আবদুল হান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে শিবির নেতৃবৃন্দ বলেন, বাস বন্ধ করার অমানবিক ও হঠকারী সিদ্ধান্ত গ্রহণ করে কর্তৃপক্ষ সাধারণ ছাত্রছাত্রীদের বিপক্ষে অবস্থান নিয়েছেন। আন্দোলনে ঠেলে দিয়েছেন। ইসলামী ছাত্রশিবির এ অবস্থায় চুপ করে বসে থাকবে না। শিবির সভাপতি মঞ্জু আজ বৃহস্পতিবার ভিসি ভবন ঘেরাও কর্মসূচী ঘোষণা করেন।

## চট্টগ্রাম ভার্সিটির কয়েকটি পরীক্ষার তারিখ পরিবর্তন

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের ১৯৯৭ সালের ৩য় বর্ষ অনার্স ৩০৬ নম্বর কোর্সের পরীক্ষা আজ বৃহস্পতিবারের পরিবর্তে আগামীকাল শুক্রবার সকাল ৮টা ৪৫ মিনিট থেকে বেলা ১২টা ৪৫ মিনিট পর্যন্ত অনুষ্ঠিত হবে। এছাড়া প্রাচ্যভাষা বিভাগের ৩য় বর্ষ অনার্স সংস্কৃত বিষয়ের ১৯৯৬ সালের ৩০১ নং কোর্সের পরীক্ষা আজকের পরিবর্তে আগামী ৫ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে। গতকাল ভার্সিটির ডেপুটি রেজিস্ট্রার (তথ্য) স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়।